



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Examination, 2022-23



BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) রূপক অলঙ্কার কাকে বলে ? এই অলঙ্কার কয় প্রকার ? যে-কোনো তিনটি রূপক অলঙ্কার ৩+২+৫
উদাহরণসহ আলোচনা করো।
- (খ) উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো দুটি) ৫×২ = ১০
ছেকানুপ্রাস, স্মরণোপমা, ব্যাজস্ততি, ভ্রান্তিমান।

একক - ২

- (গ) নিম্নোক্ত যে-কোনো দুটি কাব্যংশের অলঙ্কার নির্ণয় করোঃ ৫×২ = ১০
- (অ) হাওয়ার মুখে ছুটল ভাঙা কুঁড়ের চাল
শিকল ছেঁড়া কয়েদী ডাকাতের মতো।
- (আ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে
আগুনে কথা।
- (ই) স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে,
কে বাঁচিতে চায় ?
- (ঈ) এখনো খাদের পাশে রান্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে; আয়, আয় আয়।

একক - ৩

- (ঘ) মিশ্রবৃত্ত ছন্দ (মিশ্রকলাবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান) ছন্দোবৃত্তির সংজ্ঞা বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে ১০
দাও।
- অথবা
- (ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো দুটি) ৫×২ = ১০
অক্ষর, মাত্রা, পর্ব, মুক্তক ছন্দ।

একক - ৪

(চ) নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ

৫×২ = ১০

(অ) কণ্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি বারি চারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি।

(আ) একলা হয়ে দাঁড়িয়ে আছি
তোমার জন্য গলির কোণে
ভাবি আমার মুখ দেখাব
মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে।

(ই) ঘুমুলে তোমাকে দেব মাঝে মাঝে হঠাৎ দেখা
দিওনা দরজা বাইরে রেখোনা আমারে একা।

(ঈ) আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন,
দেবতার বন্দীশালায়
আমার নৈবেদ্য পৌঁছল না।
আজ আপন মনে ভাবি,
“কে আমার দেবতা,
কার করেছি পূজা?”

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০)

৫×২ = ১০

(ক) অপফুতি ও প্রতীপ অলঙ্কারের মধ্যে পার্থক্য নির্ণয় করো।

(খ) কবিতা তোমায় দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়,
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

— কাব্যংশে প্রযুক্ত অলঙ্কারটির নাম লেখো ও ব্যাখ্যা করো।

(গ) ‘সনেট’-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) আমি ক্লাস্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

— এই অংশের ছন্দোলিপি প্রণয়ন করো।

—x—